



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ২৬১

তারিখ : ০১ অক্টোবর ২০২৩ খ্রি.

### প্রেস রিলিজ

ঢাকা, ০১/১০/২০২৩ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনসিটিউট আয়োজিত ০৬ (ছয়) সপ্তাহ মেয়াদী সংবাদ ও অনুষ্ঠান উপস্থাপনা কৌশল প্রশিক্ষণ পাঠ্যধারার সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান ০১ অক্টোবর ২০২৩ খ্রি. রবিবার ইনসিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন নাহার হেনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানের সভাপতি তার সমাপনী বক্তব্যে বলেন, প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে পাঠ্যদানের মাধ্যমে সংবাদ ও অনুষ্ঠান উপস্থাপনের কলাকৌশল ও পেশাগত বিষয়ে পারদর্শী হিসেবে গড়ে তুলতে এ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। প্রশিক্ষণ পাঠ্যধারাটিতে ১৮ (আঠার) জন ফ্রিল্যান্স প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের অতিরিক্ত মহাপরিচালক ফায়জুল হক, পাঠ্যধারার উপদেষ্টা পরিচালক (প্রশি. অনু.) ড. মো. মারুফ নাওয়াজ, পরিচালক (প্রশি. প্রকৌ.) মো. নজরুল ইসলাম, পাঠ্যধারার পরিচালক সুমনা পারভীন এবং সমন্বয়ক সাইফুন্নাহার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

১০/১০/২৩  
আবদুল হামান  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৮৩৮-৮২

### বিতরণ : সদয় কার্যালয়ে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মুখ্য বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভ/ এনটিভি/ সময় টিভি/ দৈনিক ইতেফাক/ দৈনিক জনকঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/ বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক ভোরের পাতা/ দৈনিক সকালের খবর/ দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি রেডিয়োসমূহ।
- ৩। প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনসিটিউট, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।